

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৫৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯২. চাটাইয়ের উপর সালাত আদায় করা

باب الصَّلَاةِ عَلَى الْحَصِيرِ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ عُمَرَ بْنِ مَيْسَرَةً، وَعُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةً، _ بِمَعْنَى الإِسْنَادِ وَالْحَدِيثِ _ حَدَّثَنَا أَبُو أَحْمَدَ الزُّبَيْرِيُّ، عَنْ يُونُسَ بْنِ الْحَارِثِ، عَنْ أَبِي عَوْنٍ، عَنْ أَبِيهِ، عَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةً، قَالَ كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يُصلِّي عَلَى الْحَصِيرِ وَالْفَرْوَةِ الْمَدْبُوعَةِ .

_ ضعیف

বাংলা

৬৫৯। মুগীরাহ ইবনু শু'বাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (খেজুর পাতার তৈরী) চাটাই ও প্রক্রিয়াজাত চামড়ার উপর সালাত আদায় করতেন।[1]

দুর্বল।

English

Narrated Al-Mughirah ibn Shu'bah:

The Messenger of Allah (ﷺ) used to pray on a mat and on a tanned skin.

ফুটনোট

[1] আহমাদ (৪/২৫৪) ইবনু খুযাইমাহ (১০০৬), হাকিম (১/২৫৯)। ইমাম হাকিম বলেন, এ হাদীসটি বুখারী ও মুসলিমের শর্তে সহীহ। তবে তাঁরা এটি (الفروة) উল্লেখ বর্ণনা করেননি। ইমাম মুসলিম আবূ সাঈদ থেকে



চাটাইয়ের উপর সালাত আদায়ের বর্ণনা এনেছেন। ইমাম যাহাবী তাঁর সাথে একমত পোষণ করে বলেন, মুসলিমের শর্ত মোতাবেক। এবং বায়হাকী (২/৪২০), সকলে ইউনুস ইবনুল হারিস সূত্রে। হাফিয 'আত-তাকরীব' গ্রন্থে বলেন, দুর্বল। আর হাকিম এবং তার অনুসরণে যাহাবী কর্তৃক সনদকে বুখারী ও মুসলিমের শর্ত মোতাবেক বলাটা তাদের ধারণামাত্র। সনদের ইউনুস দুর্বল। তিনি সহীহাইনের রিজালাভুক্ত নন। অতএব চিন্তা করুন। 'আওনুল মা'বূদে রয়েছেঃ আল্লামা মুন্যিরী বলেন, সনদে আবৃ আওন হচ্ছে মুহাম্মাদ ইবনু 'উবাইদুল্লাহ সাক্লাফী। আবৃ হাতিম বলেন, তিনি অজ্ঞাত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন